

# যায়যায়দিন

তারিখ ... AUG. 05 2006 ...  
পৃষ্ঠা ৩ কলাম ... ৪ ...

## শিক্ষক ছাড়াই শিক্ষার্থী ভর্তি করছে চট্টগ্রামের ৭ কলেজ

সুদীপ্ত সূক্ষ্ম চট্টগ্রাম অফিস

শিক্ষক নিয়োগ না দিয়েই উচ্চ মাধ্যমিক শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করা হচ্ছে চট্টগ্রামের সাতটি সরকারি-বেসরকারি কলেজে। এর মধ্যে পাঁচটি চট্টগ্রাম সিটি করপোরেশনের (সিসিসি) নিয়ন্ত্রণাধীন বৈকালিক কলেজ। বাকি দুটি হলো প্রিমিয়ার ইউনিভার্সিটি কলেজ ও নাসিরাবাদ সরকারি মহিলা কলেজ।

সিসিসির শিক্ষা বিভাগ সূত্রে জানা যায়, এ বছর করপোরেশনের পক্ষ থেকে নতুন পাঁচটি বৈকালিক কলেজ চালু করা হয়েছে। এগুলো হলো যথাক্রমে কদম মোবারক, ছালে জহর, শহীদনগর, কুলগাঁও এবং চর চাঙ্গাই সিটি করপোরেশন বৈকালিক কলেজ। এগুলোর মধ্যে কদম মোবারক ও কুলগাঁও কলেজে মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এবং অন্য তিনটিতে ব্যবসায় শিক্ষা বিভাগ চালু করা হচ্ছে। এছাড়া প্রিমিয়ার ইউনিভার্সিটি কলেজে প্রথমবারের মতো বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ চালু করা হয়েছে। তবে কোনো বিভাগেই এখন পর্যন্ত বিষয় অনুযায়ী শিক্ষক নিয়োগ দেয়া হয়নি। অন্যদিকে নাসিরাবাদ সরকারি মহিলা কলেজে এবার প্রথমবারের মতো চালু করা হয়েছে ব্যবসায় শিক্ষা

বিভাগ, যদিও এখন পর্যন্ত এসব কোর্সে কোনো শিক্ষক নিয়োগ দেয়া হয়নি। শিক্ষক ছাড়াই শিক্ষার্থী ভর্তি করছে কেন উল্লিখিত কলেজগুলো? এর উত্তরে নাসিরাবাদ সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. ফাতিমা নারগিস চৌধুরী গতকাল বৃহস্পতিবার যায়যায়দিনকে বলেন, আমাদের কলেজের বিভিন্ন শিক্ষকের শূন্যপদের বিপরীতে ব্যবসায় শিক্ষা বিভাগে আপাতত দু'জন শিক্ষক নিয়োগের জন্য মন্ত্রণালয়ের কাছে আবেদন জানিয়েছি। মন্ত্রণালয় ইতিমধ্যে বিষয়টি অনুমোদন করেছে। আগামী কয়েক দিনের মধ্যে শিক্ষক নিয়োগ কাজ সম্পন্ন হবে বলেও তিনি জানান। সিটি করপোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা প্রফেসর রওশন আকতার হানিফ জানান, আমরা বেশ ক'জন নিয়োগপ্রাপ্ত শিক্ষকের কাছে চিঠি পাঠিয়েছি। বাকিদের নিয়োগের প্রক্রিয়াও চলছে।

প্রসঙ্গত, আগামী ১০ আগস্ট থেকে এ কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক শ্রেণীর ক্লাস শুরু হওয়ার কথা। এখনো প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ না হওয়ায় শিক্ষার্থীরা সময় মতো ক্লাস শুরু করতে পারবে কি না তা নিয়ে সংশয় দেখা দিয়েছে।